কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৩-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
অর্থ বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং- ১২.২৩১.০২০.০৩.০১.৪৭৭.২০১৩-২৭২(৩১) তারিখঃ ২২/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ-বাজেট ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ১৩ আগষ্ট ২০১৭ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২২/৮/১৭
(রুনা লায়লা)
মহাব্যবস্থাপক (অর্থ)চঃদাঃ
বিএডিসি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-**

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/ অর্থ/ ক্ষুদ্রসেচ/ বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

বিতরণ ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২. প্রধান (পরিকল্পনা/মনিটরিং), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।( প্রধান, মনিটরিং কে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩. হিসাব নিয়ন্ত্রক / নিয়ন্ত্রক অডিট, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক(ক্রয়/তদন্ত/পাটবীজ/বীজ/ উদ্যান/এ এসসি/ সার ব্যবস্থাপনা),বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/ নির্মাণ/ সওকা), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৬. অতি মহাব্যবস্থাপক(খামার/ক: গ্রো:/বীপ্রস/বীজ বিতরণ/ আলু বীজ),বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৭. যুগ্মসচিব(সংস্থাপন/নিওক/সা:প:/ স ও ব্য),বিএডিসি, ঢাকা।
৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৯. অফিস কপি।

মনিটরিং বিভাগ
গ্রহনকৃত পত্র ৭৭
তারিখ ২৩/০৮/১৭

JC/ Programme
23.8.17

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

## কৃষি ভবন

৪৩-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.badc.gov.bd

### ১৩ আগস্ট ২০১৭ তারিখে অনুষ্ঠিত বিএডিসি'র বাজেট ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভার কার্যবিবরণী

১.০ সভার সভাপতি : মো: নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা।
২.০ সভার তারিখ ও সময় : ১৩ আগস্ট ২০১৭, সকাল ১০.০০ ঘটিকা।
৩.০ সভার স্থান : বিএডিসি'র সম্মেলন কক্ষ।
৪.০ সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

৫.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (অর্থ), জনাব রুনা লায়লা ২০১৬-১৭ অর্থ বছরে মোট রাজস্ব প্রাপ্তি ও ২০১৭-১৮ অর্থ বছরে রাজস্ব প্রাপ্তির অগ্রগতি পর্যালোচনা ও সংস্থার সরবরাহ ও সেবা খাতে ব্যয় নির্বাহের জন্য অর্থ সংস্থান করা প্রয়োজন উল্লেখ করে নিম্নরূপ আলোচ্যসূচি উপস্থাপন করেন।

৬.০ আলোচনা ও সিদ্ধান্ত

৬.১ আলোচ্যসূচি - ১ : ২০১৭-১৮ অর্থ বছরে সংস্থার নিজস্ব আয় প্রাপ্তির অগ্রগতি পর্যালোচনা।

মহাব্যবস্থাপক (অর্থ) সভাকে অবহিত করেন যে, ২০১৭-১৮ অর্থ বছরে মোট সম্ভাব্য আয়ের লক্ষ্যমাত্রা ১৭৩৩.৫০ লক্ষ টাকা। আগস্ট ২০১৭ পর্যন্ত নিজস্ব আয় হয়েছে ৬০.০০ লক্ষ টাকা যা লক্ষ্যমাত্রার ৩.৪৬%। নিজস্ব আয়ের বিবরণ নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| আয়ের খাত (প্রধান খাতসমূহ) | ২০১৬-১৭ অর্থ বছরে প্রাপ্তি | ২০১৭-১৮ অর্থ বছরে লক্ষ্যমাত্রা | ২০১৭-১৮ অর্থ বছরের আগস্ট ২০১৭ পর্যন্ত প্রাপ্ত আয় | অর্জন (শতকরা হার) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| প্রারম্ভিক স্থিতি | ২০৪.০০ | ০০.০০ | ০০.০০ | - |
| ক্ষুদ্রসেচ উইং | ৯৮৭.০০ | ৭৩৫.৫০ | ৪৬.৫০ | ৬.৩২% |
| সার ব্যবস্থাপনা উইং | ১৫৪.৮০ | ৫২৯.০০ | ০০.০০ | - |
| অর্থ ও প্রশাসন উইং | ৭০২.৯৯ | ৩৫০.০০ | ১৩.৫০ | ৩.৮৬% |
| বীজ ও উদ্যান উইং | ২৪৯.৯৬ | ০০.০০ | ০০.০০ | - |
| নির্মাণ বিভাগ | ০০.০০ | ১১৯.০০ | ০০.০০ | - |
| মোটঃ | ২২৯৮.৩৫ | ১৭৩৩.৫০ | ৬০.০০ | ৩.৪৬% |

৬.২ আলোচ্যসূচি - ২ : ২০১৭-১৮ অর্থ বছরে ব্যয়ের খাতসমূহ।

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | খাতসমূহ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | অন্যান্য খরচ | ২৪৮৯.৬০ |
| ২ | মেরামত ও রক্ষণাবেক্ষন ব্যয় | ২৬৩.০০ |
| ৩ | সমাজ কল্যাণ ব্যয় | ১৬.৩০ |
| ৪ | মূলধন ব্যয় | ৭০৮.০০ |
| ৫ | অবচয় | ৫৫.০০ |
| ৬ | প্রশিক্ষণ | ৬০.০০ |
| ৭ | তৈল ও জ্বালানী | ১২০.০০ |
| | মোটঃ | ৩৭১১.৯০ |

২০১৬-১৭ অর্থ বছরে হিসাব বিভাগ হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী মোট খরচের পরিমাণ ২২৯৮.৩৫ লক্ষ টাকা। তাছাড়া অর্থের সংস্থান না থাকায় উক্ত অর্থ বছরে আরো ১৯২.৪০ লক্ষ টাকার বিল ও ভাউচার অপরিশোধিত রয়ে গেছে। অন্যদিকে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে জুলাই ও আগস্ট মাসের এই পর্যন্ত বিবিধ খাতে বিল ভাউচার বাবদ আরোও ১৮১.৩৯ লক্ষ টাকার চাহিদা

পাওয়া গেছে কিন্তু কেন্দ্রীয় হিসাবে কোন অর্থ জমা না হওয়ায় বিলগুলো পরিশোধ করা সম্ভব হচ্ছে না। অর্থাৎ বিগত অর্থ বছরের ১৯২.৪০ লক্ষ টাকা এবং চলতি অর্থ বছরের ১৮১.৩৯ লক্ষ টাকাসহ মোট ৩৭৩.৭৯ লক্ষ টাকা বকেয়া বিল ও ভাউচার অপরিশোধিত আছে।

সংস্থার নিজস্ব আয় দিন দিন কমে যাচ্ছে অন্যদিকে খরচের পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে তাই ব্যয়ের বিষয়ে সবার কৃচ্ছ্রতাসাধন প্রয়োজন বলে মহাব্যবস্থাপক (অর্থ) সভাকে জানান। তিনি বলেন, "কৃষি ভবনে আগে দুইটি প্রবেশ পথ ছিল কিন্তু বর্তমানে একটি পথ ব্যবহার করা হচ্ছে। তাছাড়া প্রবেশ পথে নিরাপত্তার জন্য মেটাল ডিটেক্টরসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে। আবার কৃষি ভবনে নিরাপত্তার জন্য ১১ জন নিরাপত্তা প্রহরী কর্মরত আছে। তাই কৃষি ভবনের প্রবেশ পথে বর্তমানে পিসিসহ ১১ জন আনসারের পরিবর্তে পিসিসহ ৪ জন/ ৫ জন আনসার নিয়োজিত থাকলেই নিরাপত্তা প্রদান করা যাবে বলে মনে হয় এবং এতে খরচও অনেক কমে যাবে"। এভাবে নিরাপত্তা ব্যবস্থায় বিএডিসি'র বিভিন্ন দপ্তরে নিয়োজিত অপ্রয়োজনীয় আনসার কমিয়েও খরচ অনেক কমানো যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।

অন্যদিকে আয় বাড়ানোর জন্য ডিলারদের লাইসেন্স নবায়ন ফি এবং নিয়োগ পরীক্ষার ফি বাড়িয়ে আয় বৃদ্ধিসহ বিভিন্ন খাতে আয় বাড়ানোর বিষয়ে সভায় আলোচনা হয়।

হিসাব নিয়ন্ত্রক জানান, কেন্দ্রীয় হিসাবে চলতি অর্থ বছরে বিভিন্ন দপ্তর হতে মোট ৬০.০০ লক্ষ টাকা জমা হয়েছে। কিন্তু বিগত অর্থ বছরের ১৯২.৪০ লক্ষ টাকা এবং চলতি অর্থ বছরের ১৮১.৩৯ লক্ষ টাকাসহ মোট ৩৭৩.৭৯ লক্ষ টাকা বকেয়া বিল ও ভাউচার অপরিশোধিত আছে। তাই চলতি অর্থ বছরের ৩৭১১.৯০ লক্ষ টাকা এবং বিগত অর্থ বছরের অপরিশোধিত ১৯২.৪০ লক্ষ টাকাসহ মোট ৩৯০৪.৩০ লক্ষ টাকার কিভাবে সংস্থান হবে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভার সভাপতি সংস্থার আয়ের খাতগুলো চিহ্নিত করে কিভাবে আয় বাড়ানো যায় এ বিষয়ে একটি কমিটি করার জন্য নির্দেশনা প্রদান করেন। কমিটির সদস্যগণ হলেন- ১. সদস্য পরিচালক (অর্থ)- আহবায়ক ২. সকল বিভাগীয় প্রধান- সদস্য এবং ৩. মহাব্যবস্থাপক (অর্থ)- সদস্য সচিব। কমিটির সদস্যগণ অবিলম্বে আয়ের খাতগুলো চিহ্নিত করে চেয়ারম্যান, বিএডিসি বরাবর একটি প্রতিবেদন পেশ করার বিষয়ে সভায় আলোচনা হয়।

৬.৩ আলোচ্যসূচি - ৩: ২০১৬-১৭ অর্থ বছরে প্রধান কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি।

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | ২০১৪-১৫ | | ২০১৫-১৬ | | ২০১৬-১৭ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সংশোধিত লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে জুলাই/ ২০১৫ হতে জুন/ ২০১৬ পর্যন্ত অর্জন | লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে জুলাই/ ২০১৬ হতে জুন/২০১৭ পর্যন্ত অর্জন |
| ০১. | ০২. | ০৩. | ০৪. | ০৫. | ০৬. | ০৭. | ০৮. | ০৯. | ১০. |
| ০১. উদ্ভাবিত জাত ও প্রযুক্তি চাষী পর্যায়ে পৌছানোর জন্য প্রশিক্ষণ প্রদান, প্রকাশনা এবং প্রদর্শনী/ মেলা/ র‍্যালি/সেমিনার/ কর্মশালার আয়োজন। | প্রশিক্ষণার্থী | ১ | সংখ্যা (হাজার) | ২৬.০০ | ২০.০০ | ২৮ | ২৮ | ২৮ | ১৩ |
| | সেমিনার/ ওয়ার্কশপ | | সংখ্যা | | ৭.০০ | ১০ | ১০ | ১১ | ১২ |
| ০২. ভূপরিস্থ পানির ব্যবহার উৎসাহিত করার জন্য ক্ষুদ্রসেচ কার্যক্রম সম্প্রসারণ, জলাবদ্ধতা ও জলমগ্নতা দূরীকরণের মাধ্যমে আবাদি জমির আওতা বৃদ্ধি। | সম্প্রসারিত সেচ এলাকা | ২ | লক্ষ হেক্টর | ১.০০ | ১.০০ | ০.৪০ লক্ষ হেক্টর | ০.৪০ | ০.৩০ | ০.৩০ |
| | আবাদি জমির পরিমাণ বৃদ্ধি | | হেক্টর (হাজার) | ২০.০০ | ২০.০০ | ৬.৫০ হাজার হেক্টর | ৬.৫০ | ১.২০ | - |
| | খালনালা পুনঃখনন | | কি.মি. | | ৭৫৫.৫৫ | ৭০০ | ৫৮০ | ৮৫০ | ২৭৬ |
| | সেচ অবকাঠামো নির্মাণ | | সংখ্যা | | ৭১৯ | ৭৫০ | ৭৫৬ | ৬৫০ | ৪৮৮ |
| ০৩. সেচ যন্ত্রপাতি সংগ্রহ এবং সহজলভ্যতা বৃদ্ধি। | সেচ যন্ত্রপাতি বিতরণ | | সংখ্যা (হাজার) | ০.২৬ | ০.২৬ | ১.৬৩ | ১.০১৮ | ০.৫০ | ৭৭১ |
| | রাবার ড্যাম নির্মাণ | | সংখ্যা | - | - | ২ | ২ | ৫ | ৩ |
| | ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ | | কি.মি | - | ৭০৭.০৩ | ৭৫০ | ৭৫৬ | ৮০০ | ৬৩৭ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৪. নির্ধারিত মূল্যে সার ও অন্যান্য কৃষি উপকরণের সরবরাহ নিশ্চিতকরণ। | নন ইউরিয়া সার বিতরণ | | লক্ষ মে: টন | ৮.০০ | ৫.৫২ | ১৩ | ৯.৪৫ | ১৪ | ৯.৯৪ |
| | টিএসপি সার বিতরন | | লক্ষ মে: টন | - | ৩.৭৫ | ৩.৮০ | ৩.৮০ | ৪.১২ | ৩.৬১ |
| | ডিএপি সার বিতরন | | লক্ষ মে: টন | - | ১.১৪ | ১.২০ | ১.৩৫ | ১.২৫ | ১.৭১ |
| | এমওপি সার বিতরন | | লক্ষ মে: টন | | ৪.১০ | ৪.৩০ | ৪.৩০ | ৪.৭৫ | ৪.৬২ |
| ০৫. ব্রিডার ভিত্তি, প্রত্যাশিত ও মানঘোষিত (.. .. .. .. .. ..) বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ ও বিতরণ। | বীজ উৎপাদন ও বিতরণ | | লক্ষ মে: টন | ১.৫০ | ১.৪৩ | ১.৫৯ | ১.২৫ | ১.৬৪ | ১.২৪ |
| | ভিত্তি বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | - | ১১ | ১৫.৫৫৩ | ১৩.৮২ | ১৬.৪৩ | ১৫.৪৬ |
| | প্রত্যায়িত বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | - | ৩৪ | ৪২.২০৬ | ৬৬.৮৫ | ৪১.৭২ | ৭৪.০০ |
| | মান ঘোষিত বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | - | ৮৪ | ১২০.২৪১ | ৪৪.২১ | ৮০.০৬ | ৩৭.৭১ |
| | ভিত্তি বীজ বিতরন | | মে: টন (হাজার) | - | ৯ | ১৫.৫৫৩ | ১৩.৭০ | ১৬.৪৩ | ১১.৫৬ |
| | প্রত্যায়িত বীজ বিতরন | | মে: টন (হাজার) | - | ৩৩ | ৩৯.২০৬ | ২৩.০২ | ৪১.৭২ | ৬৩.০০ |
| | মান ঘোষিত বীজ বিতরন | | মে: টন (হাজার) | - | ৮৩. | ৮৫.২৪১ | ৮৪.৮৪ | ৮০.০৬ | ৪৯.৭৫ |
| | চারা উৎপাদন | | সংখ্যা (লক্ষ) | - | ১১১.৭১ | ১১৬.২৫ | ১১৬.২৬ | ১১৬.৭৫ | ১০৫.৯৯ |
| | চারা বিতরন | | সংখ্যা (লক্ষ) | - | ১১১.৭১ | ১১৬.২৫ | ১১৬.২৫ | ১১৬.৭৫ | ১০০.৩১ |
| | শাক,সবজি ও ফল উৎপাদন | | মে:টন (লক্ষ) | - | ৪.২৩ | ৪.২৫ | ৪.২৫ | ৪.২৬ | ২.০৬ |
| | শাক,সবজি ও ফল বিতরন | | মে:টন (লক্ষ) | - | ৪.২৩ | ৪.২৫ | ৪.২৫ | ৪.২৬ | ২.০১ |
| ০৬. বৈরী পরিবেশে অভিযোজন লক্ষ্যে (লবনাক্ততা, খরা এবং জলমগ্নতা সহিষ্ণু) [illegible] | বীজ উৎপাদন ও বিতরণ | | মে: টন (হাজার) | ৮.০৩ | ৮.০৩ | ৫.০০ | ৫.০০ | ৫.৫০ | ৬.৮০ |
| | প্রতিকূলতা সহনশীল জাতের বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | - | ৮.০৩ | ৫.০০ | ৫.০০ | ৫.৫০ | ৯.৮০ |
| | প্রতিকূলতা সহনশীল জাতের বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | - | ৮.০৩ | ৫.০০ | ৪.৩৯ | ৫.৫০ | ৬.৮০ |
| | [illegible] | | সংখ্যা | ৪০ | ২৫ | ৪৩ | ২৯ | ৪৫ | ৩৫ |

... এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক ও বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা ... বার্ষিক অগ্রগতির প্রতিবেদনের ভিত্তিতে পূরণ করা হয়েছে।

৭.১ আয়ের খাতগুলো চিহ্নিত করার জন্য নিম্নোক্ত সদস্যগণকে নিয়ে কমিটি গঠন করা হলো-

১. সদস্য পরিচালক (অর্থ) - আহবায়ক,
২. সকল বিভাগীয় প্রধান - সদস্য,
৩. মহাব্যবস্থাপক (অর্থ) - সদস্য সচিব।

কমিটির সদস্যগণ অবিলম্বে আয়ের খাতগুলো চিহ্নিত করে চেয়ারম্যান, বিএডিসি বরাবর একটি প্রতিবেদন পেশ করবেন।

৭.২ ডিলারদের লাইসেন্স নবায়ন ফি এবং নিয়োগ পরীক্ষার ফি বাড়িয়ে সংস্থার আয় বৃদ্ধি করতে হবে।

৭.৩ নিরাপত্তার ক্ষেত্রে অপ্রয়োজনীয় আনসার কমিয়ে ব্যয় কমাতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(মো: নাসিরুজ্জামান)
চেয়ারম্যান
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৬৪৩২৮
e-mail: chairman@badc.gov.bd